



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



## প্রেস রিলিজ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ভূ-রাজনৈতিক চিন্তা” শীর্ষক ভার্চুয়াল আলোচনা সভা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ৩১ অক্টোবর ২০২১ খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ভূ-রাজনৈতিক চিন্তা” শীর্ষক ভার্চুয়াল আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবর্ষ উদযাপন উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত ধারাবাহিক কর্মসূচির অংশ হিসেবে ৩১ অক্টোবর ২০২১ তারিখ সন্ধ্যা ৭:৩০ টায় রাষ্ট্রবিজ্ঞান বিভাগের আয়োজনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে যুক্ত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন বাংলাদেশ নামক জাতি রাষ্ট্রের জন্ম দিতে গিয়ে বঙ্গবন্ধুকে যেসব অত্যাচার সহ্য করতে হয়েছে তা পৃথিবীর ইতিহাসে বিরল। বাংলাদেশ জাতি-রাষ্ট্রের সৃষ্টির জন্য সমগ্র বাঙালি ভাষা ভাষী গোষ্ঠীকে একটি একক আদর্শে আনতে পেরেছিলেন বঙ্গবন্ধু। তিনি বাঙালি জাতিকে একটি সম্মানজনক অবস্থানে নিয়ে যাওয়ার চেষ্টা করেছিলেন। উদ্দেশ্য ছিল সোনার বাংলা প্রতিষ্ঠা করা। আর সেই সোনার বাংলা প্রতিষ্ঠার জন্য নিরলস ভাবে কাজ করে যাচ্ছেন তারই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পিতার দেখানো পথ ধরেই দেশকে আজ একটি মর্যাদাশীল জাতি রাষ্ট্রে পরিণত করেছেন। বরিশাল বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান মাসুম সিকদারের সভাপতিত্বে ভার্চুয়াল আলোচনায় প্রধান আলোচক হিসেবে যুক্ত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ও বাংলাদেশ এশিয়াটিক সোসাইটির মহাসচিব ড. সাব্বির আহমেদ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক সোহেল রানা। সভায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সকল শিক্ষকবৃন্দসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষকবৃন্দ, দপ্তর প্রধানগণ ও বিভাগের শিক্ষার্থীরা সংযুক্ত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রভাষক মনিরা আক্তার।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস